"মুজিব বর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
www.bmet.gov.bd

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদেশ হতে ফেরত আসা (প্রত্যাগত) অভিবাসী কর্মীদের আর্থ-সামাজিক পুনর্বাসনের লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। প্রত্যাগত যে সকল অভিবাসী কর্মী প্রবাসী কল্যাণ ব্যাংক হতে স্বল্প সুদে ঋণ নিয়ে ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে দেশে আত্মকর্মসংস্থান কিংবা প্রশিক্ষণ নিয়ে পুনরায় দেশে/বিদেশে কর্মসংস্থানে আগ্রহী তাঁদের জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর আওতাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)/ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি)-তে উদ্যোক্তা প্রশিক্ষণ এবং পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে শিক্ষা সার্টিফিকেট (RPL) প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ ক্ষেত্রে প্রশিক্ষণ ও সনদায়নের ব্যয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বহন করা হবে।

আগ্রহী বিদেশ প্রত্যাগত অভিবাসী কর্মীদের প্রশিক্ষণ কিংবা RPL এর আওতায় শিক্ষা সনদ গ্রহণের জন্য নিকটবর্তী টিটিসি/ আইএমটি এবং জেলা কর্মসংস্থান জনশক্তি অফিস (ডিইএমও)-এ যোগাযোগ করার অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, দেশের বিভিন্ন জেলায় বর্তমানে ৬৪টি টিটিসি ও ৬টি আইএমটি এবং ৪২টি ডিইএমও চালু আছে। এইসব টিটিসি/আইএমটি ও ডিইএমও'র অবস্থান ও যোগাযোগের ঠিকানাসহ বিস্তারিত তথ্য জানার জন্য বিএমইটির ওয়েবসাইট (www.bmet.gov.bd) ভিজিট করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক
বিএমইটি